

পশ্চিম বঙ্গ সরকার
উপকৃষি অধিকর্তা (প্রশাসন), হুগলী জেলা – এর করণ
চুঁচুড়া, হুগলী জেলা

- বিজ্ঞপ্তি -

এতদ্বারা হুগলী জেলার জনসাধারণের উদ্দেশ্যে জানানো যাইতেছে যে পশ্চিম বঙ্গ সরকারের আদেশ নামা নং- 408-AG/Co-ordn/O/5A-01/2015, তারিখ- ২৮শে মে, ২০১৮ এবং নং – 1181-AG/Co-ordn/O/5A-01/2015, তারিখ- ২৮শে আগস্ট, ২০১৮ অনুযায়ী এবং নিম্নে বর্ণিত হুগলী জেলায় ব্লক ও বার্ষিক্য ভাতার বিভাগ অনুযায়ী কৃষক বার্ষিক্য ভাতার শূন্য কোটা পূরণের জন্য হুগলী জেলায় বসবাসকারী যোগ্য ব্যক্তিদের নিকট হইতে আবেদন পত্র আহ্বান করা হইতেছে।

কৃষক বার্ষিক্য ভাতা পাইবার যোগ্যতা –

- ১) আবেদনকারী বিগত অন্তত ১০ বছর ধরে পশ্চিমবঙ্গের বাসিন্দা
- ২) যিনি অন্য কোন সরকারী বা সরকার পোষিত সংস্থা থেকে অন্য কোন প্রকার বার্ষিক্য ভাতা পান না
- ৩) নিজ নামে এক একরের বেশি চাষ যোগ্য জমি নেই
- ৪) নিজে দুই একরের বেশি বর্গা জমিতে চাষ করেন না
- ৫) নিজে ভূমিহীন কৃষক বা ক্ষেত মজুর
- ৬) তাঁর কোন আত্মীয় নেই যিনি তাঁকে ভরণ-পোষণে সাহায্য করতে পারেন
- ৭) তাঁর বয়স ০১/০৭/২০১৮ তারিখে ৬০ বছর অতিক্রম করেছে (শারীরিক ভাবে অক্ষম / অন্যভাবে সক্ষম (Physically Challenged) ব্যক্তির উল্লেখিত তারিখে ক্ষেত্রে ৫৫ বছর অতিক্রান্ত)

যথাযথভাবে পূরণ করা দরখাস্তের সঙ্গে নিম্ন লিখিত প্রমাণ পত্র গুলি দাখিল করিতে হইবে –

- ১) পরিচয়ের প্রমাণ পত্র (ভোটার পরিচয় পত্র / আধার কার্ড – প্রত্যায়িত নকল সংযোজিত করুন)
- ২) ঠিকানার প্রমাণ পত্র ((ভোটার পরিচয় পত্র / আধার কার্ড / রেশন কার্ড – প্রত্যায়িত নকল সংযোজিত করুন)
- ৩) বয়সের প্রমাণ পত্র (প্রত্যায়িত নকল সংযোজিত করুন)
- ৪) কৃষক ও বর্গাদার ভুক্ত আবেদনকারীদের ক্ষেত্রে ব্লকের বি- এল- এল- আর- ও- এর নিকট থেকে নিজ অধীন জমির পরিমাণ বিষয়ে শংসাপত্র (দরখাস্তের ২য় পাতায় শংসা পত্রের বয়ান দেওয়া রয়েছে)
- ৫) তপশিলী জাতি / তপশিলী উপজাতি হলে তার শংসাপত্র
- ৬) এলাকায় বসবাস বিষয়ে ও কৃষি মজুর কিনা বা নিজস্ব জমি রয়েছে কিনা সেই মর্মে পঞ্চায়েত প্রধানের শংসাপত্র (দরখাস্তের ২য় পাতায় শংসা পত্রের বয়ান দেওয়া রয়েছে)
- ৭) ব্লক উন্নয়ন আধিকারিকের নিকট থেকে অন্য কোন প্রকার বার্ষিক্য ভাতা সরকারী কোন দপ্তর থেকে বা সরকার পোষিত কোন সংস্থা থেকে পান না সে বিষয়ে শংসা পত্র (দরখাস্তের ২য় পাতায় শংসা পত্রের বয়ান দেওয়া রয়েছে)
- ৮) কৃষক বার্ষিক্য ভাতা প্রদান বিষয়ে পঞ্চায়েত সমিতির সভাপতির সুপারিশ (দরখাস্তের ২য় পাতায় সুপারিশের বয়ান দেওয়া রয়েছে)
- ৮) কোন বাণিজ্যিক ব্যাংকে নিজ নামে চালু থাকা সেভিংস অাকাউন্টের তথ্যাদি (আকাউন্ট নং, আই- এফ- এস- সি কোড, ব্যাংকের নাম ও শাখার নাম, ব্যাংকের পাস বইয়ের প্রথম ও দ্বিতীয় পাতার ফটো কপি একটি চালু মোবাইল নম্বর সহ সই করে সংযোজিত করুন)

অন্যান্য বিষয় -

- ১) আবেদন পত্র এই জেলার সংশ্লিষ্ট ব্লকের সহ কৃষি অধিকর্তার করণে বিনামূল্যে পাওয়া যাবে। হুগলী জেলার জেলা শাসকের ওয়েবসাইট (www.hooghly.gov.in) ও মাটির কথা ওয়েবসাইট (www.matirkatha.gov.in) থেকে ডাউনলোড করে প্রিন্ট করে নেওয়া যাবে।
- ২) যথাযথ ভাবে পূরণ করা আবেদন পত্র ০৬/০৯/২০১৮ তারিখ থেকে ২০/০৯/২০১৮ পর্যন্ত প্রতিটি ব্লকের সহ কৃষি অধিকর্তার করণে গ্রহণ করা হবে।
- ৩) সমস্ত কৃষক বার্ষিক্য ভাতা ওয়েস্ট বেঙ্গল ফারমার্স ওল্ড এজ পেনশন রুল- ১৯৮০ ও পরবর্তীকালে জারি হওয়া সংশ্লিষ্ট বিষয়ে সংশোধিত আদেশনামা সমূহ অনুযায়ী অনুমোদন দেওয়া হবে।
- ৪) কৃষি অধিকর্তা ও পদাধিকার বলে সচিব, কৃষি বিভাগ পশ্চিমবঙ্গ- এর সংবাদ পত্রে প্রকাশিত বিজ্ঞপ্তি নং- 294/PLB(Dte)/FOAP/18-19, তারিখ – ৩১শে আগস্ট ২০১৮ দ্রষ্টব্য।

পরপৃষ্ঠায় দ্রষ্টব্য -

ব্লক ও মহকুমা এবং কৃষক বার্ষিক্য ভাতার বিভাগ অনুযায়ী হুগলী জেলায় কৃষি বার্ষিক্য ভাতার শূন্য কোটার সংখ্যা

ক্রমিক সংখ্যা	ব্লক / মহকুমা	কৃষক			বর্গাদার			ভূমিহীন কৃষক			মোট সংখ্যা
		সাধারণ	তপশীল জাতি	তপশীল উপ- জাতি	সাধারণ	তপশীল জাতি	তপশীল উপ- জাতি	সাধারণ	তপশীল জাতি	তপশীল উপ- জাতি	
১	আরামবাগ	২১	১৩	০	৫	৪	০	৩৭	৩০	০	১১০
২	পুরসুড়া	৩৯	১০	০	৭	৩	০	৩৬	১২	০	১০৭
৩	খানাকুল- ১	৫২	১৯	০	১৮	৮	০	৪৬	১৯	০	১৬২
৪	খানাকুল- ২	২৪	৮	০	১০	৬	০	২২	১০	০	৮০
৫	গোঘাট- ১	১৮	১৩	২	৩	৪	০	১৭	১৩	২	৭২
৬	গোঘাট- ২	৩৩	২১	২	৮	৫	০	২৭	১৫	২	১১৩
	আরামবাগ মহকুমা মোট	১৮৭	৮৪	৪	৫১	৩০	০	১৮৫	৯৯	৪	৬৪৪
৭	চন্ডীতলা- ১	১৪	৩	০	১৩	৩	০	২৭	৬	০	৬৬
৮	চন্ডীতলা- ২	৩	০	০	২	০	০	৪	২	০	১১
৯	হরিপাল	২৮	১১	৩	১৪	৬	১	৬৬	২৮	৬	১৬৩
১০	জাঙ্গীপাড়া	১৫	৬	১	৯	৪	১	৩২	১৬	৩	৮৭
১১	সিন্দুর	৩৬	৭	১	৬	১	০	৩২	৭	২	৯২
১২	শ্রীরামপুর- উত্তরপাড়া	২	১	০	১	১	০	৩	৩	০	১১
১৩	তারকেশ্বর	১৯	১৯	৪	৯	৯	২	৩৮	৩৮	৮	১৪৬
	শ্রীরামপুর মহকুমা মোট	১১৭	৪৭	৯	৫৪	২৪	৪	২০২	১০০	১৯	৫৭৬
১৪	চুঁচুড়া- মগরা	১৬	১	০	৩	২	২	১০	৭	৩	৪৪
১৫	পোলবা- দাদপুর	১৮	৯	৪	১১	৭	২	৩৮	২৮	১২	১২৯
১৬	ধনিয়াখালি	৩০	১৯	১০	১৮	১০	৫	৬০	৪১	১৯	২১২
১৭	পাঙ্গুয়া	৩৮	১৪	৬	১৮	৮	৪	৬৩	৩৮	১৮	২০৭
১৮	বলাগড়	১৪	৪	৩	১০	৪	২	২১	১৫	৪	৭৭
	চুঁচুড়া সদর মহকুমা মোট	১১৬	৪৭	২৩	৬০	৩১	১৫	১৯২	১২৯	৫৬	৬৬৯
	হুগলি জেলা মোট	৪২০	১৭৮	৩৬	১৬৫	৮৫	১৯	৫৭৯	৩২৮	৭৯	১৮৮৯

[Signature]
উপ কৃষি অধিকর্তা (প্রশাসন)
৪/৯/১৮

স্মারক সংখ্যা - ২২১৭(২৭১) তারিখ - ০৪-০৭-২০১৮ -

জ্ঞাতার্থে ও প্রচারার্থে অফিসের নোটিস বোর্ডে টাঙিয়ে জনসাধারণের অবগতির জন্য অনুরোধ জানিয়ে প্রদান করা হল -

- ১) সভাপতি, হুগলী জেলা পরিষদ
- ২) অতিরিক্ত জেলা শাসক (জেলা পরিষদ) হুগলি
- ৩-৬) সহ কৃষি অধিকর্তা (প্রশাসন), আরামবাগ / শ্রীরামপুর / চুঁচুড়া সদর
- ৭-২৪) সভাপতি, পঞ্চায়েত সমিতি
- ২৪-৪২) সমষ্টি উন্নয়ন আধিকারিক, ব্লক
- ৪২-৬০) সহ কৃষি অধিকর্তা ব্লক
- ৬১-২৭০) প্রধান, গ্রাম পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি
- ২৭১) অত্র করণের নোটিস বোর্ড

[Signature]
উপ কৃষি অধিকর্তা (প্রশাসন)
হুগলী